

Class - XII : Philosophy : Term I (Half-yearly) : 2021-22 : Marks - 40

I. সঠিক উত্তর নির্ণয় করো :

1 x 10 = 10

1. বচনের অংশ হলো —
(i) এক (ii) দুই (iii) তিন (iv) চার
2. সকল নঞর্থক বচনের ব্যাপ্য পদগুলি হলো —
(i) উদ্দেশ্য পদ (ii) বিধেয় পদ (iii) উদ্দেশ্য ও বিধেয় পদ (iv) কোনটিই নয়।
3. বচনের অব্যাপ্য পদটি হলো —
(i) উদ্দেশ্য পদ (ii) বিধেয় পদ (iii) উভয় পদ (iv) কোনটিই নয়।
4. পরিমানের দিক থেকে বচন হলো —
(i) এক প্রকার (ii) দুই প্রকার (iii) তিন প্রকার (iv) চার প্রকার।
5. অর্থ অনুসারে সংযোজক হলো —
(i) সদর্থক (ii) নঞর্থক (iii) ক এবং খ উভয়ই (iv) সার্বিক ও বিশেষ।
6. বিরোধিতা সম্বন্ধ থাকে —
(i) দুইটি বাক্যের মধ্যে (ii) দুইটি বচনের মধ্যে (iii) দুইটি পদের মধ্যে (iv) দুইটি শব্দের মধ্যে।
7. অধীন বিপরীত বিরোধিতা সম্বন্ধ যে বচনের মধ্যে ঘটে তা হলো —
(i) দুইটি সার্বিক বচন (ii) দুইটি বিশেষ বচন (iii) একটি সার্বিক ও একটি বিশেষ বচন (iv) কোনটিই নয়।
8. 'E' এবং তার অনুরূপ 'O' বচনের মধ্যবর্তী বিরোধিতাকে বলে —
(i) বিপরীত বিরোধিতা (ii) অধীন বিপরীত বিরোধিতা (iii) অসম বিরোধিতা (iv) বিরুদ্ধ বিরোধিতা
9. 'A' বচনের বিরুদ্ধ বচন হলো —
(i) A বচন (ii) E বচন (iii) I বচন (iv) O বচন।
10. 'O' বচন মিথ্যা হলে তার অনুরূপ বচন হলো —
(i) সত্য (ii) মিথ্যা (iii) সংশয়াত্মক (iv) সত্য এবং মিথ্যা উভয়ই।

II. একটি শব্দে বা একটি বাক্যে উত্তর দাও :

1 x 20 = 20

11. বচন কাকে বলে ?
12. 'E' বচনের কোন পদ ব্যাপ্য ?
13. সামান্য নঞর্থক বচনের একটি বাস্তব উদাহরণ দাও।
14. বচনে কয়টি পদ থাকে ?
15. বচনাকার কাকে বলে ?
16. একটি বচনাকারের উদাহরণ দাও।
17. সাপেক্ষ বচন কাকে বলে ?
18. গুণ অনুযায়ী বচনের প্রকারগুলি কি ?
19. 'O' বচনের কোন পদ অব্যাপ্য ?
20. 'I' বচনের সংযোজকটি কি ?

21. বচনের বিরোধিতা কত প্রকার ?
22. বিপরীত বিরোধিতা কাকে বলে ?
23. যদি 'A' বচন সত্য হয় তাহলে 'I' বচন কি হবে ?
24. বিরোধানুমান কাকে বলে ?
25. অধীন বিপরীত বিরোধিতার নিয়মটি কি ?
26. 'E' বচন এবং 'I' বচনের মধ্যে কি ধরনের বিরোধিতার সম্বন্ধ ?
27. বচনের বিরোধিতার একটি বৈশিষ্ট্য লিখ।
28. বিরুদ্ধ বিরোধিতা কোন কোন বচনের মধ্যে হয় ?
29. অসম বিরোধিতার ক্ষেত্রে সার্বিক বচনকে কি বলে অভিহিত করা হয় ?
30. বিপরীত বিরোধিতার শর্ত কি ?

III. প্রতি প্রশ্নের উত্তর ২০টি শব্দের মধ্যে দাও :

2 x 5 = 10

31. নিম্নলিখিত বাক্যগুলিকে তর্কবিজ্ঞান সম্মত বচনে রূপান্তর কর :
 - (i) কোন মানুষই অমর নয়।
 - (ii) অশিক্ষিত ব্যক্তির আও বৃদ্ধিমান হয়।
32. বচন ও বচনাকারের মধ্যে দুইটি পার্থক্য লিখ।
33. গুণ ও পরিমানের সংযুক্ত ভিত্তিতে বচন কত প্রকার এবং তাদের নাম লিখ।
34. বচনের বিরোধিতার সংজ্ঞা লিখ।
35. বিরুদ্ধ বিরোধিতা কাকে বলে ? একটি বাস্তব উদাহরণ দাও।